জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।

# সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
# Sundarban Gas Company Limited
## (পেট্রোবাংলার একটি কোম্পানী)

সূত্র নং-২৮.২১.০০০০.১৫৩.০৫.০০৮.১৮/৭৭ তারিখ ঃ ২৮/০১/২০১৯

চেয়ারম্যান
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা)
১-কাওরান বাজার
ঢাকা-১২১৫।

বিষয়ঃ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক গ্যাসের মূল্য বৃদ্ধির মাধ্যমে এসজিসিএল-এর বিতরণ মার্জিন বৃদ্ধির আবেদন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) এর জারীকৃত আদেশ নং-২০১৮/০৮ তারিখঃ-১৬/১০/২০১৮ এর সাথে সন্নিবেশিত মূল্যহার বন্টন বিবরণী মোতাবেক সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) এর গ্যাস বিতরণ মার্জিন প্রতি ঘনমিটার ০.২৫০০ টাকা নির্ধারণ করে আদেশ প্রদান করে, যা ১৮ সেপ্টেম্বর/২০১৮ হতে কার্যকর হয়েছে। এর ফলে এসজিসিএল মারাত্নক আর্থিক প্রতিকুল অবস্থায় পতিত হয়েছে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন-২০০৩ ও প্রবিধানমালা, ২০১০ এর সংশ্লিষ্ট ধারার আলোকে সংযুক্ত প্রতিবেদনে প্রদত্ত বক্তব্য বিবেচনা করে এসজিসিএল-এর গড় বিতরণ মার্জিন বৃদ্ধিসহ ভোক্তা পর্যায়ে গ্যাসের মূল্য বৃদ্ধির জন্য বিশেষভাবে অনুরোধ করা হলে। মূল্য বৃদ্ধির বিষয়টি বিইআরসি-এর বরাবর উপস্থাপনের নির্দেশনা প্রদান করে। উক্ত নির্দেশনার আলোকে বিইআরসি নিকট এ আবেদন দাখিল করা হলো।

প্রসংঙ্গত, অত্র কোম্পানির তারল্য ঘাটতির বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে উপস্থপন করা হলে কর্তৃপক্ষ আলোচ্য তারল্য ঘাটতি মিটানো, ক্রমহ্রাসমান দেশীয় গ্যাসের উৎপাদন এবং গ্যাসের উত্তরোত্তর চাহিদা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করে বিভিন্ন শ্রেণীর গ্যাস গ্রাহকের নিকট নিরবিচ্ছিন্ন গ্যাস সরবরাহের লক্ষ্যে উচ্চ মূল্যে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি ব্যয় মিটানোর জন্য গ্যাসের মূল্য বৃদ্ধির মাধ্যমে এসজিসিএল-এর বিতরণ মার্জিন বৃদ্ধির বিষয়টি বিইআরসি বরাবর উপস্থাপনের নির্দেশনা প্রদান করে উক্ত নির্দেশনার আলোকে বিইআরসি বরাবর এ আবেদন দাখিল করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

২৮/০১/১৯

(মুশতাক আহমদ)
ব্যবস্থাপনা পরিচালক
ফোনঃ ০২-৮১৮৯৮৯৪, ০৪১-৭২১২৯৮।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
ডাইরী নং: ৭৮০ তারিখ: ৩০/১/১৯

| | |
|---|---|
| সদস্য (পেট্রো/আইন) | ১। নথিতে উপস্থাপন করুন |
| সদস্য (প্রশাসন ও অর্থ) | ২। পরীক্ষান্তে মতামত/সুপারিশ পেশ করুন |
| সদস্য (গ্যাস) | ৩। এ সম্পর্কে একটি প্রতিবেদন পেশ করুন |
| সদস্য (বিদ্যুৎ) | ৪। Please attend |
| সচিব | |
| একান্ত সচিব | |

চেয়ারম্যান

অনুলিপিঃ

১। পরিচালক (অর্থ), পেট্রোবাংলা, ঢাকা।
২। উপ-মহাব্যবস্থাপক (অর্থ), এসজিসিএল, খুলনা।
৩। অফিস কপি।

AD (Tariff) DD (T)

**প্রধান কার্যালয় ঃ** ২১৮, এম. এ. বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০। **ফোন ঃ** ০৪১-৭২১৩২৮, **ফ্যাক্স ঃ** ০৪১-৭২১২৯৮
**ঢাকা লিয়াঁজো অফিস ঃ** পেট্রোসেন্টার (১৪ তলা), ৩ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫। **ফোন ঃ** ০২-৮১৮৯৮৯৪
**আঞ্চলিক বিপণন কার্যালয় ঃ** খেয়াঘাট সড়ক, চরনোয়াবাদ, ভোলা। **ফোন ঃ** ০৪৯১-৬২৩৭৭

## বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক গ্যাসের মূল্য বৃদ্ধির মাধ্যমে বিতরণ মার্জিন বৃদ্ধির আবেদন।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) এর জারীকৃত আদেশ নং-২০১৮/০৮ তারিখঃ-১৬অক্টোবর ২০১৮ এর সাথে সন্নিবেশিত মূল্যহার বন্টন বিবরণী মোতাবেক সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) এর গ্যাস বিতরণ মার্জিন প্রতি ঘনমিটার ০.২৫০০ টাকা নির্ধারণ করে আদেশ প্রদান করে, যা ১৮ সেপ্টেম্বর/২০১৮ হতে কার্যকর হয়েছে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন-২০০৩ ও প্রবিধানমালা, ২০১০ (প্রাকৃতিক গ্যাস বিতরণ ট্যারিফ) অনুসারে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করে গ্যাস বিতরণ মার্জিন বৃদ্ধিসহ ভোক্তা পর্যায়ে গ্যাসের মূল্য বৃদ্ধির আবেদন করা হলো ঃ

১। কমিশন আদেশে ২০১৬-১৭ অর্থবছরকে যাচাই বর্ষ ধরে ২০১৮-১৯ অর্থবছরের রাজস্ব চাহিদা নির্ণয় করা হয়েছে। বিইআরসি'র আদেশে Return on Equity নির্ধারণের ক্ষেত্রে Equity হিসেবে শুধুমাত্র Share Capital ও Deposit against Share ধরা হয়েছে। International Accounting Standards (IAS)/Bangladesh Financial Reporting Standards (BFRS) অনুসারে Equity সংক্রান্ত ব্যাখ্যা নিম্নরূপঃ

১.১ Bangladesh Financial Reporting Standards (BFRS) এর Framework 4.4(c) অনুসারে "Equity is the residual interest in the assets of the entity after deducting all its Liabilities".

BFRS এর Framework 4.20 অনুসারে Residual interest may be sub classified as funds contributed by shareholders, retained earnings, reserve representing appropriations of retained earnings and reserves representing capital maintenance adjustments.

উপরোক্ত সংজ্ঞা অনুযায়ী এসজিসিএল বিতরণ মার্জিন নির্ধারনে International Accounting Standards (IAS)/Bangladesh Financial Reporting Standards (BFRS) অনুসরন করা হয়নি।

১.২ এছাড়াও বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত BASEL III এর Risk based capital adequacy revised regulatory capital framework গাইডলাইনে Equity নির্ধারণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলোকে অন্তর্ভুক্ত করা হয়েছে :

- Paid up capital
- Non-Repayable share premium account
- Statutory reserve
- General reserve
- Retained earnings
- Dividend equalization reserve etc.

১.৩ BFRS অনুসরনে এসজিসিএল-এর ২০১৬-১৭ অর্থবছরের চুড়ান্ত হিসাবে Equity খাতে Share Capital/Paid up Capital, Deposit against Share, Capital Reserve এবং Retained Earnings প্রদর্শন করা হয়েছে। একই সাথে Change in Equity Statement প্রণয়ন করা হয়েছে, যা নিরীক্ষক কর্তৃক নিরীক্ষা করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরের খসড়া হিসাব বিবরণী অনুযায়ী এসজিসিএল-এর Equity Structure এ Share Capital/Paid up Capital এর পরিমাণ ০.০০০৭ মিলিয়ন টাকা এবং IAS/BFRS অনুসারে অবশিষ্ট ইকুইটির পরিমাণ ১১৯৭.৩৯ মিলিয়ন টাকা (Equity Investment by GOB ৪৯৭.২৪ এবং Retained Earnings ৭০০.১৫ মিলিয়ন টাকা) অর্থাৎ মোট ইকুইটির পরিমাণ দাঁড়ায় ১১৯৭.৩৯০৭ মিলিয়ন টাকা।

১.৪ বিইআরসি প্রাকৃতিক গ্যাস বিতরণ ট্যারিফ প্রবিধানমালার মেথোডোলজির ৩.৪.৩.২.১ অনুচ্ছেদে উল্লেখ করা আছে যে, Common Stock (Share Capital) এর ক্ষেত্রে লভ্যাংশের হার এবং সম্পূর্ণ সরকারী মালিকানাধীন লাইসেন্সের ক্ষেত্রে অবশিষ্ট ইকুইটির Cost of Capital কেন্দ্রীয় ব্যাংকের ০২(দুই) বছর মেয়াদী ট্রেজারী বিলের নিলাম রেট ব্যবহৃত হবে।

১.৫ পেট্রোবাংলার অধীনস্থ অন্যান্য সকল কোম্পানীর ন্যায় এসজিসিএল একটি সরকারী কোম্পানী। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় প্রতি বছর পেট্রোবাংলার অধীনস্থ সকল কোম্পানীর জন্য লভ্যাংশ পরিশোধের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে এবং পেট্রোবাংলা কর্তৃক উক্ত লক্ষ্যমাত্রা ও সংশ্লিষ্ট কোম্পানির Share Capital / মুনাফা অনুসারে স্ব-স্ব কোম্পানির পরিশোধিত লভ্যাংশের পরিমাণ নির্ধারণ করে। তদানুযায়ী Share Capital/Paid up Capital ০.০০০৭ মিলিয়ন টাকার বিপরীতে ২০১৮-১৯ অর্থ বছরে লভ্যাংশ বাবদ ৫০.০০ মিলিয়ন টাকা এসজিসিএল উপর ধার্য করে যা পেট্রোবাংলার অনুকুলে পরিশোধ করতে হবে। পেট্রোবাংলা কর্তৃক অত্র কোম্পানির উপর ধার্যকৃত লভ্যাংশের হার দাঁড়ায় (৫০.০০/০.০০০৭) x ১০০ = ৭১৪২৮৫৭.১৪%।

১.৬ BFRS ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত BASEL III এর Capital Framework অনুসরণে অবশিষ্ট ইকুইটি ১১৯৭.৩৯ মিলিয়ন টাকার বিপরীতে বাংলাদেশ ব্যাংকের ট্রেজারী বিলের নিলাম রেট অনুসারে Cost of Capital ৬.৫০% বিবেচনা করা হলে মেথোডোলজির ৩.৪.৩.২.১ অনুচ্ছেদ অনুযায়ী ২০১৮-২০১৯ অর্থবছরের Return on Equity-এর পরিমাণ দাঁড়ায় ১২৭.৮৮ মিলিয়ন টাকা যার বিস্তারিত হিসাব নিম্নে প্রদান করা হলোঃ

$$\text{ইকুইটির রিটার্ণের শতকরা হার} = \frac{[(\text{কমন স্টক পরিমাণ} \times \text{লভ্যাংশের হার}) + (\text{অবশিষ্ট ইকুইটির পরিমাণ} \times \text{নন-স্টক রেট})]}{(\text{কমন স্টক পরিমাণ} + \text{অবশিষ্ট ইকুইটির পরিমাণ})}$$

$$= \frac{[(০.০০০৭ \times ৭১৪২৮৫৭.১৪\%) + (১১৯৭.৩৯ \times ৬.৫\%)]}{(০.০০০৭ + ১১৯৭.৩৯)}$$

$$= ১০.৬৮\%$$

এসজিসিএল এর রিটার্ণ অন ইক্যুইটির পরিমাণ = ১১৯৭.৩৯০৭ × ১০.৬৮% = ১২৭.৮৮ মিলিয়ন টাকা

২। বর্তমান আবেদনে ২০১৬-১৭ অর্থ বছরকে যাচাইবর্ষ ধরে ২০১৭-১৮ অর্থবছরের খসড়া হিসাব বিবরণী ও ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেট অনুসারে আয়-ব্যয় ধরা হয়েছে এবং ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেট অনুসারে Return on Equity নির্ধারণ করা হয়েছে।

৩। বর্তমান আবেদনে ২০১৭-১৮ অর্থবছরের খসড়া হিসাব বিবরণী অনুসারে, ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত ও ২০১৯- ২০২০ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট অনুসারে গ্যাস বিক্রয়ের পরিমান ধরা হয়েছে যথাক্রমে ৭৬৮.৪৬১, ১,১০৪.২৩৭ ও ১২০৫.৬১৩ এমএমসিএম এবং ২০১৬-২০১৭ অর্থবছরের চুড়ান্ত হিসাব বিবরণী অনুসারে গ্যাস বিক্রয়ের পরিমান ছিল ৩৪৭.৪৮৬ এমএমসিএম।

৪। কোম্পানির অন্যান্য আয়কে Non-business Income হিসেবে বিবেচনা করে কর নির্ধারণ আদেশ বিবেচনা করে আয়কর কর্তৃপক্ষ ৩৫% হারে কর্পোরেট ট্যাক্স ধার্য করে থাকে। বর্তমান আবেদনে কোম্পানির অন্যান্য আয়কে Tax net-off হিসাবে বিবেচনা করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে কোম্পানির নিরীক্ষিত হিসাব,২০১৭-২০১৮ অর্থ বছরের খসড়া হিসাব বিবরণী, ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৯-২০২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেট অনুসারে অন্যান্য খাতের আয় নিম্নরূপ ঃ

(মিলিয়ন টাকা)

| বিবরণ | নিরীক্ষিত হিসাব ২০১৬-২০১৭ অনুসারে | খসড়া হিসাব বিবরণী ২০১৭-২০১৮ অনুসারে | সংশোধিত বাজেট ২০১৮-২০১৯ অনুসারে | প্রাক্কলিত বাজেট ২০১৯-২০২০ অনুসারে |
|---|---|---|---|---|
| সুদ আয় | ৭.২৬৮ | ১৬.৯৩ | ৩০.০০ | ৩০.০০ |
| অন্যান্য আয় | ১৭.৪৭ | ১৮১.৪৮ | ২০১.৬৭ | ২০১.৯৭ |
| মোট অন্যান্য আয় | ২৪.৭৩৮ | ১৯৮.৪১ | ২৩১.৬৭ | ২৩১.৯৭ |

উক্ত আয় হতে ৩৫% কর্পোরেট ট্যাক্স বাদ দিলে নীট অন্যান্য আয়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২০১৬-১৭ অর্থবছরের নিরীক্ষিত হিসাব মোতাবেক ১৬.০৮ মিলিয়ন, ২০১৭-১৮ অর্থবছরের খসড়া হিসাব বিবরণী অনুসারে ১২৮.৯৭ মিলিয়ন, ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বাজেট অনুসারে ১৫০.৫৯ মিলিয়ন ও ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেট অনুসারে ১৫০.৭৮ মিলিয়ন টাকা। উক্ত নীট অন্যান্য আয়কে বিক্রিত/বিক্রয়যোগ্য গ্যাসের পরিমাণ দিয়ে ভাগ করা হলে প্রতি ঘনমিটারে অন্যান্য আয় খাতে প্রকৃত, সংশোধিত ও প্রাক্কলিত হিসাব হতে যথাক্রমে ০.০৪৬ টাকা, ০.১৭ টাকা, ০.১৪ টাকা এবং ০.১৩ টাকা মোট বিতরণ মার্জিন হতে বিয়োজন করা যুক্তিযুক্ত হবে।

৫। এমতাবস্থায় BFRS ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত BASEL III Capital Framework অনুসারে Equity হিসাব করে Return on Equity নির্ধারণ এবং প্রকৃত আয়-ব্যয় বিবেচনা করে ২০১৬-২০১৭ অর্থ বছরের চুড়ান্ত ২০১৭-২০১৮ অর্থ বছরের খসড়া হিসাব বিবরণী, ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০১৯-২০২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেট অনুসারে এসজিসিএল এর রাজস্ব চাহিদা মেটাতে নিম্নরূপ গ্যাস বিতরণ মার্জিন প্রয়োজন হবেঃ

| ক্রমিক নং | খরচের খাত | রাজস্ব চাহিদা (মিলিয়ন টাকা) | | | |
|---|---|---|---|---|---|
| | | ২০১৬-১৭ অর্থবছরের প্রকৃত খরচের ভিত্তিতে | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া হিসাব বিবরণী অনুযায়ী | ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত খরচের ভিত্তিতে | ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত খরচের ভিত্তিতে |
| ১। | জনবল খরচ | ৮০.০৫৫ | ৭২.২৯৫ | ১০৬.০৩৫ | ১২০.২০০ |
| ২। | অফিস ও অন্যান্য প্রত্যক্ষ খরচ : | | | | |
| | প্রফেশনাল সার্ভিস খরচ | ১.১১৮ | ০.২৫৮ | ২.১০০ | ২.৯০০ |
| | প্রমোশনাল খরচ | ৩.৬৭৩ | ২.০০০ | ৩.০০০ | ৩.৩০০ |
| | বিদ্যুৎ খরচ | ০.৪০২ | ০.৬৭৩ | ১.৬০০ | ১.৬০০ |
| | যোগাযোগ খরচ | ০.৪২৯ | ০.৩১৭ | ১.২০০ | ১.২০০ |
| | যাতায়াত খরচ | ৫.৭৫০ | ৯.৭০৭ | ১৪.১০০ | ১৬.৮০০ |
| | অফিস ভাড়া | ৮.৬৬৫ | ১০.৯১৩ | ১৯.৭০০ | ২৪.৮০০ |
| | প্রশাসনিক খরচ | ৩.৩২৮ | ৩.৬৫২ | ৫.২০৩ | ৫.৫০০ |
| | অন্যান্য খরচ | ৪.৬৮৬ | ৫.৫০০ | ৬.৭০০ | ৮.৬০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩। | মেরামত রক্ষণাবেক্ষন খরচ | ১.৪৭৭ | ২.০৭০ | ১৫.০০০ | ৪২.৫০০ |
| ৪। | বিইআরসি সিস্টেম অপারেশন ফি | ০.১০৪ | ০.২৭৩ | ০.৫৩৩ | ০.৫৯১ |
| ৫। | ব্যাংক চার্জ ও ঋনের সুদ | ১.১০২ | ৩.০৮২ | ৯৯৯.৯৫৬ | ১,১৫০.৪৭৮ |
| ৬। | অবচয় | ২৫.০২৪ | ২৮.৫৯৪ | ৩৪.৮০৯ | ২৪.২৭৩ |
| ৭। | ব্রেক-ইভেনে বিতরণ রাজস্ব চাহিদা (১+২+৩+৪+৫+৬) | ১৩৫.৮১৩ | ১৩৯.৩৩৩ | ১,২০৯.৯৩৬ | ১,৪০২.৭৪২ |
| ৮। | কর্পোরেট ট্যাক্স | ২০.৯৬২ | ১১৬.৬২০ | ২০১.২২০ | ১৮৩.৭৫০ |
| ৯। | রিটার্ন অন ইক্যুইটি | ৪১.৬২৬ | ৫৫.৭০৪ | ১২৭.৮৮০ | ১৪৬.৭৮০ |
| ১০। | কস্ট-প্লাস ভিত্তিতে বিতরণ রাজস্ব চাহিদা (৭+৮+৯) | ১৯৮.৪০১ | ৩১১.৬৫৭ | ১,৫৩৯.০৩৬ | ১,৭৩৩.২৭২ |
| ১১। | গ্যাসের পণ্যমূল্য (গ্যাসের সম্পদমূল্য, সম্পুরক শুল্ক/ মূসক, পিডিএফ মার্জিন, বাপেক্স মার্জিন, ডিডব্লিউএমবি, ওয়েলহেড মার্জিন, জিডিএফ মার্জিন) | ৯০২.১৭৯ | ২,১৭১.৪৩০ | ২,৯৩৮.৫২১ | ৩,৩৫৩.৫৩৬ |
| ১২। | ব্রেক-ইভেনে মোট রাজস্ব চাহিদা (৭+১১) | ১,০৩৭.৯৯২ | ২,৩১০.৭৬৩ | ৪,১৪৮.৪৫৭ | ৪,৭৫৬.২৭৮ |
| ১৩। | কস্ট-প্লাস ভিত্তিতে মোট রাজস্ব চাহিদা (১০+১১) | ১,১০০.৫৮০ | ২,৪৮৩.০৮৭ | ৪,৪৭৭.৫৫৭ | ৫,০৮৬.৮০৮ |
| ১৪। | গ্যাস বিতরণের পরিমাণ (এমএমসিএম) | ৩৪৭.৪৮৬ | ৭৬৬.৪৮১ | ১,১০৪.২৩৭ | ১,২০৫.৬১৩ |
| ১৫। | রাজস্ব চাহিদা মেটাতে বিতরণ মার্জিন | ০.৫৭১ | ০.৪০৭ | ১.৩৯৪ | ১.৪৩৮ |
| ১৬। | অন্যান্য আয় (ঘনমিটার/টাকা) | ০.০৪৬ | ০.১৭ | ০.১৪০ | ০.১৩০ |
| ১৭। | গ্যাস বিতরণ মার্জিন (ঘনমিটার/টাকা) | ০.৫২৫ | ০.২৩৭ | ১.২৫৪ | ১.৩০৮ |

৬। উপর্যুক্ত বর্ণনার পরিপ্রেক্ষিতে BFRS ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত BASEL III এর Capital Framework অনুসরণে Equity হিসাব করে Return on Equity নির্ধারণ এবং চুড়ান্ত, খসড়া হিসাব বিবরণী, সংশোধিত ও প্রাক্কলিত আয় ব্যয় অনুযায়ী এসজিসিএল-এর রাজস্ব চাহিদা বিবেচনা করে ২০১৮-২০১৯ অর্থবছরের উপরোল্লিখিত প্যারা-৫ এর আলোকে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) এর গ্যাস বিতরণ মার্জিন প্রতি ঘনমিটার ০.২৫০০ টাকা এর স্থলে প্রতি ঘনমিটার ১.২৫৪০ টাকায় পুনঃনির্ধারণের বিষয়ে কমিশন সমীপে বিনীত অনুরোধ জানানো হলো।

**প্রস্তাবিত বিতরণ মার্জিন**

| গ্রাহক শ্রেণী | বিতরণ মার্জিনের বর্তমান হার | বিতরণ মার্জিনের প্রস্তাবিত হার |
|---|---|---|
| বিদ্যুৎ | ০.২৫০০ | ১.২৫৪০ |
| ক্যাপটিভ পাওয়ার | ০.২৫০০ | ১.২৫৪০ |
| সার | ০.২৫০০ | ১.২৫৪০ |
| শিল্প | ০.২৫০০ | ১.২৫৪০ |
| সিএনজি ফিড গ্যাস | ০.২৫০০ | ১.২৫৪০ |
| বাণিজ্যিক | ০.২৫০০ | ১.২৫৪০ |
| আবাসিক | ০.২৫০০ | ১.২৫৪০ |

৭। অত্র কোম্পানির জন্য প্রাকৃতিক গ্যাস বিতরণ মার্জিন বৃদ্ধি করা না হলে সরকার ও দাতা সংস্থা হতে গৃহীত ঋণের আসল, সুদ, ডিভিডেন্ড এবং কর্পোরেট ট্যাক্স খাতে বিপুল অংকের অর্থ পরিশোধের জন্য Liquidity Crisis উদ্ভব হবে। ফলশ্রুতিতে ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য ধার্যকৃত ডিএসএল-এর আসল ৩৬৩২.৩০ মিলিয়ন টাকা, সুদ ৯৯৯.৫৬ এবং লভ্যাংশ বাবদ ৫০.০০ মিলিয়ন টাকা অর্থাৎ মোট ৪৬৮১.৮৬ মিলিয়ন টাকা পরিশোধের ক্ষেত্রে আর্থিক তারল্য সংকট (Liquidity) সৃষ্টি হবে।

৮। এসজিসিএল ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বাজেট অনুসারে করপূর্ব নীট মুনাফা ৬০০.৬২ মিলিয়ন টাকা এবং উহার উপর ৩৫% হারে করর্পোরেট আয়করের পরিমাণ ২১০.২২ মিলিয়ন টাকা। ফলে কর পরবর্তী নীট মুনাফা ৩৯০.৪০ মিলিয়ন টাকা হতে DSL-এর আসল ৩৬৩২.৩০ মিলিয়ন টাকা, সুদ ৯৯৯.৫৬, লভ্যাংশ বাবদ ৫০.০০ মিলিয়ন টাকা এবং মূলধনী ব্যয় ৩৭.১০ মিলিয়ন টাকা অর্থাৎ মোট ৪৭১৮.৯৬ মিলিয়ন টাকা ব্যয় করতে হবে। অর্থ্যাৎ ২০১৮-১৯ অর্থ বছরে এসজিসিএল এর তহবিল ঘাটতি হবে (৩৯০.৪০ - ৪৭১৮.৯৬) = (৪৩২৮.৫৬) মিলিয়ন টাকা।

৯। <u>প্রস্তাব ঃ</u>

অত্র কোম্পানির তারল্য ঘাটতির বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে উপস্থাপন করা হলে কর্তৃপক্ষ আলোচ্য তারল্য ঘাটতি মিটানো, ক্রমহ্রাসমান দেশীয় গ্যাসের উৎপাদন এবং গ্যাসের উত্তরোত্তর চাহিদা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করে বিভিন্ন শ্রেণীর গ্যাস গ্রাহকের নিকট নিরবিচ্ছিন্ন গ্যাস সরবরাহের লক্ষ্যে উচ্চ মূল্যে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি ব্যয় মিটানোসহ IOC গ্যাসের প্রকৃত ক্রয়মূল্য পরিশোধের লক্ষ্যে ভোক্তাপর্যায়ে প্রতি ঘনমিটার গ্যাসের বিক্রয়মূল্য ১২.১৯ টাকার ভিত্তিতে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) এর গ্যাস বিতরণ মার্জিন প্রতি ঘনমিটার ০.২৫০০ টাকা এর স্থলে প্রতি ঘনমিটার ১.২৫৪০ টাকায় পুনঃনির্ধারণ করার জন্য বিইআরসি বরাবর বিনীত আবেদন জানানো হলো।

| | | |
|---|---|---|
| সহকারী ব্যবস্থাপক (হিসাব) | উপ-মহাব্যবস্থাপক (অর্থ) | ব্যবস্থাপনা পরিচালক |

সংযুক্তি- ৬)

# সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।

## ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-১৮ এবং চলতি ২০১৮-১৯ অর্থ বৎসরের ভোক্তাপর্যায়ে মূল্য হার, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর বিতরণ মার্জিন এবং ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের প্রস্তাবিত মূল্যহারের সারসংক্ষেপ ঃ

| ক্রমিক নং | গ্রাহকের শ্রেণী | ২০১৫-১৬ | | | | ২০১৬-১৭ | | | | | ২০১৭-১৮ | | ২০১৮-২০১৯ | | ২০১৮-২০১৯ (প্রস্তাবিত) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ভোক্তাপর্যায়ে গ্যাসের মূল্য (টাঃ/সিএম) | | এসজিসিএলএর বিতরণ মার্জিন (টাঃ/সিএম) | | ভোক্তাপর্যায়ে গ্যাসের মূল্য (টাঃ/সিএম) | | | এসজিসিএলএর বিতরণ মার্জিন (টাঃ/সিএম) | | ভোক্তাপর্যায়ে গ্যাসের মূল্য (টাঃ/সিএম) | এসজিসিএল এর বিতরণ মার্জিন (টাঃ/সিএম) | ভোক্তাপর্যায়ে গ্যাসের মূল্য (টাঃ/সিএম) | এসজিসিএল এর বিতরণ মার্জিন (টাঃ/সিএম) | ভোক্তাপর্যায়ে গ্যাসের মূল্য (টাঃ/সিএম) | এসজিসিএল এর বিতরণ মার্জিন (টাঃ/সিএম) |
| | | আগষ্ট'১৫ পর্যন্ত | সেপ্টে'১৫ হতে | আগষ্ট'১৫ পর্যন্ত | সেপ্টে'১৫ হতে | ফেব্রু'১৭ পর্যন্ত | মার্চ'১৭ হতে | জুন'১৭ হতে | মার্চ'১৭ হতে | জুন'১৭ হতে | জুন'১৭ হতে | জুন'১৭ হতে | জুন'১৭ হতে | সেপ্টে'১৮ হতে | | |
| ১ | বিদ্যুৎ | ২.৮২ | ২.৮২ | ০.২২৫০ | ০.২৬৫০ | ২.৮২ | ২.৯৯ | ৩.১৬ | ০.২৬৫০ | ০.২৯৫৩ | ৩.১৬ | ০.২৯৫৩ | ৩.১৬ | ০.২৫০০ | ৭.৬৬ | ১.২৫৪০ |
| ২ | সার | ২.৫৮ | ২.৫৮ | ০.১৫৫০ | ০.২৬৫০ | ২.৫৮ | ২.৬৪ | ২.৭১ | ০.২৬৫০ | ০.২৯৫৩ | ২.৭১ | ০.২৯৫৩ | ২.৭১ | ০.২৫০০ | ৭.০০ | ১.২৫৪০ |
| ৩ | সিএনজি | ২৩.০০ | ২৭.০০ | ০.১৫৬০ | ০.১৫৫০ | ২৭.০০ | ৩০.০০ | ৩২.০০ | ০.১৫৫০ | ০.২৯৫৩ | ৩২.০০ | ০.২৯৫৩ | ৩২.০০ | ০.২৫০০ | ৪০.০০ | ১.২৫৪০ |
| ৪ | ক্যাপটিভ পাওয়ার | ৪.১৮ | ৮.৩৬ | ০.৫৯১০ | ০.১৫৫০ | ৮.৩৬ | ৮.৯৮ | ৯.৬২ | ০.১৫৫০ | ০.২৯৫৩ | ৯.৬২ | ০.২৯৫৩ | ৯.৬২ | ০.২৫০০ | ১৫.৭০ | ১.২৫৪০ |
| ৫ | শিল্প | ৫.৮৬ | ৬.৭৪ | ০.৯৫৫০ | ০.২৪৫০ | ৬.৭৪ | ৭.২৪ | ৭.৭৬ | ০.২৪৫০ | ০.২৯৫৩ | ৭.৭৬ | ০.২৯৫৩ | ৭.৭৬ | ০.২৫০০ | ১৫.০০ | ১.২৫৪০ |
| ৬ | চা-বাগান | ৫.৮৬ | ৬.৪৫ | ০.৯৫৫০ | ০.২৪৫০ | ৬.৪৫ | ৬.৯৩ | ৭.৪২ | ০.২৪৫০ | ০.২৯৫৩ | ৭.৪২ | ০.২৯৫৩ | ৭.৪২ | ০.২৫০০ | ১২.৮০ | ১.২৫৪০ |
| ৭ | বাণিজ্যিক | ৯.৪৭ | ১১.৩৬ | ১.৭৩৫০ | ০.২৪৫০ | ১১.৩৬ | ১৪.২০ | ১৭.০৪ | ০.২৪৫০ | ০.২৯৫৩ | ১৭.০৪ | ০.২৯৫৩ | ১৭.০৪ | ০.২৫০০ | ২০.০০ | ১.২৫৪০ |
| ৮ | গৃহস্থালী ঃ | | | | | | | | | | | | | ০.২৫০০ | | ১.২৫৪০ |
| | ক) মিটারভিত্তিক | ৫.১৬ | ৭.০০ | ০.৭২৫০ | ০.২৪৫০ | ৭.০০ | ৯.১০ | ১১.২০ | ০.২৪৫০ | ০.২৯৫৩ | ৯.১০ | ০.২৯৫৩ | ৯.১০ | ০.২৫০০ | ১৩.৬৫ | ১.২৫৪০ |
| | খ) এক বার্নার (প্রতিমাসে নির্দিষ্ট) | | ৬০০ | | | ৬০০ | ৭৫০ | ৯০০ | | | ৭৫০ | | ৭৫০ | | ১০০০ | |
| | গ) দুই বার্নার (প্রতিমাসে নির্দিষ্ট) | | ৬৫০ | | | ৬৫০ | ৮০০ | ৯৫০ | | | ৮০০ | | ৮০০ | | ১২০০ | |

মোঃ আজমল হোসেন তালুকদার
উপ-মহাব্যবস্থাপক (হিসাব) চঃ দাঃ
সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড
২১৮, এম, এ বারী সড়ক
সোনাডাঙ্গা, খুলনা।

সংযুক্তি- ৫৮

# সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।

ট্যারিফ পরিবর্তনের ফলে প্রভাবিত হতে পারে এরূপ ব্যক্তি ও প্রতিষ্ঠানের সাথে আবেদনকারীর বর্তমান সম্পর্ক এবং প্রস্তাবিত পরিবর্তনের পর কিরূপ সম্পর্কের উদ্ভব হতে পারে উহা উল্লেখপূর্বক উক্ত ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠানসমূহের একটি তালিকা ঃ

সুন্দরবন গ্যাস কোম্পানী লি: ২৩/১১/২০০৯ তারিখে কোম্পানী হিসেবে নিবন্ধিত হয়। গঠন পরবর্তী এপ্রিল,২০১৩ পর্যন্ত কোম্পানীর কোন অপারেশনাল কার্যক্রম ছিল না। পেট্রোবাংলা হতে ঋণ গ্রহণের মাধ্যমে উক্ত সময়ে কোম্পানীর বিভিন্ন দৈনন্দিন ব্যয় নির্বাহ করা হয়েছে। বাপেক্স এর নিকট হতে ভোলা সঞ্চালন ও বিতরণ নেটওয়ার্ক হস্তান্তর গ্রহণের মাধ্যমে মে,২০১৩ হতে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর অপারেশনাল কার্যক্রম শুরু হয়।

ভোলায় বর্তমানে পিডিবি'র ২২৫ মেগাওয়াট পাওয়ার প্ল্যান্ট-এ দৈনিক গড়ে প্রায় ২৯ এমএমসিএফ হারে, ৩৪.৫ মেগাওয়াট রেন্টাল পাওয়ার প্ল্যান্ট-এ দৈনিক ০৭ এমএমসিএফ হারে, ৯৫ মেগাওয়াট রেন্টাল পাওয়ার প্ল্যান্ট-এ দৈনিক ১৭ এমএমসিএফ হারে এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ পাওয়ার প্লান্টে ৫০ এমএমসিএফ হারে গ্যাস সরবরাহ করা হচ্ছে। ০১ জুন ২০১৭ তারিখে সর্বশেষ গ্রাহক পর্যায়ে গ্যাসের মূল্য বৃদ্ধি করা হয়। গ্যাসের সম্পদমূল্য, আইওসি গ্যাসের ক্রয়মূল্য, দেশীয় কোম্পানীর উৎপাদন ব্যয় ইত্যাদি খাতে গ্যাসের Upstream Cost বৃদ্ধি এবং সঞ্চালন ও বিতরণ খাতের কোম্পানীসমূহের প্রকৃত রাজস্ব চাহিদা বৃদ্ধির প্রেক্ষিতে এবং উচ্চ মূল্যে এলএনজি আমদানির ঘাটতি মোকাবেলায় বিদ্যুৎ খাতে বর্তমান মূল্য থেকে ১৪২% বৃদ্ধির করে প্রতি ঘনমিটারে ৭.৬৬ টাকা প্রস্তাব রাখা হয়েছে। যাহা বর্তমানে বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত ডিজেল এর মূল্যের তুলনায় অনেক কম। সামগ্রিক বিবেচনায় উক্ত মূল্য বৃদ্ধির ফলে এ খাতে তেমন কোন প্রভাব পড়বে না বলে প্রতীয়মান হয়।

ভোলায় বর্তমানে কোম্পানীর আবাসিক গ্রাহক সংখ্যা ৩,৫০৫। বোতলজাত গ্যাসের তুলনায় আবাসিক খাতে প্রস্তাবিত গ্যাসের মূল্য কম হওয়ায় এ প্রস্তাবে আবাসিক গ্রাহকের উপরে কোন প্রভাব পড়বে না।

ভোলায় বর্তমানে ০৩টি বানিজ্যিক সংযোগ চালু আছে। প্রস্তাবিত ট্যারিফে বানিজ্যিক খাতে ১৭% মূল্যবৃদ্ধির প্রস্তাব করা হয়। জীবনযাত্রার অন্যান্য খাতের তুলনায় মূল্যবৃদ্ধির শতকরা হার অপেক্ষাকৃত কম হওয়ায় বর্তমান গ্যাসের মূল্য বৃদ্ধির প্রস্তাবে বানিজ্যিক খাতে কোন উল্লেখযোগ্য প্রভাব পড়বে না।

ভোলা সঞ্চালন ও বিতরণ নেটওয়ার্ক এর আওতায় বর্তমানে ০৩ টি শিল্প ও ১টি ক্যাপটিভ পাওয়ার গ্যাস সংযোগ চালু আছে। শিল্পে এবং ক্যাপটিভ পাওয়ারে ব্যবহৃত গ্যাসের বর্তমান মূল্য বিকল্প জ্বালানীর তুলনায় অনেক কম। সে বিবেচনায় বর্তমানে উচ্চ মূল্যে এলএনজি আমদানির ঘাটতি মোকাবেলায় শিল্প ও ক্যাপটিভ পাওয়ার খাতে মূল্য বৃদ্ধির প্রস্তাব বাস্তবভিত্তিক এবং মূল্য বৃদ্ধির ফলে এ সব খাতে উল্ল্যেখযোগ্য কোন প্রভাব পড়বে না বলে প্রতীয়মান হয়।

গ্যাসের মূল্য বৃদ্ধির প্রস্তাবের ফলে প্রভাবিত ব্যক্তিবর্গ/ প্রতিষ্ঠান সমুহের তালিকা নিম্নে প্রদান করা হল ঃ

| ক্রমিক নং | গ্রাহকের শ্রেনী | গ্রাহকের নাম |
|---|---|---|
| ১ | বিদ্যুৎ | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড |
| | | নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ (এনডব্লিউপিজিসিএল) |
| ২ | ক্যাপটিভ পাওয়ার | সাগরিকা ফিডস্ লিঃ |
| ৩ | শিল্প | সাগরিকা ফিডস্ লিঃ |
| | | প্রিয় অটো ব্রিকস্ লিঃ |
| | | শেলটেক সিরামিকস্ লিমিটেড |
| ৪ | বাণিজ্যিক | সাগর বেকারী এন্ড কনফেকশনারী |
| | | আলাউদ্দিন হোটেল |
| | | বাংলাদেশ ফুড গার্ডেন (বিএফজি) |
| ৫ | আবাসিক | গ্রাহক সংখ্যা ৩,৫০৫ |

মোঃ আফজাল হোসেন তালুকদার
উপ-মহাব্যবস্থাপক (হিসাব) চঃ দাঃ
সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড
২১৮ এম. এ বারী সড়ক
সোনাডাঙ্গা, খুলনা।

সংযুক্তি- ঘ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং- বিইআরসি/ট্যারিফ/গ্যাস- / সঞ্চালন ও বিতরন/ অংশ-০১/ তারিখঃ

# খসড়া গণবিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন,২০০৩ এর ধারা ২২ (খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্তৃক ভোক্তা পর্যায়ে সরবরাহকৃত গ্যাসের মূল্যহার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলোঃ

| ক্রঃ নং | গ্রাহকশ্রেণী | প্রস্তাবিত মূল্যহার (টাকা/ঘনমিটার) |
|---|---|---|
| ১ | বিদ্যুৎ | ৭.৬৬ |
| ২ | ক্যাপটিভ পাওয়ার | ১৫.৭০ |
| ৩ | সার | ৭.০০ |
| ৪ | শিল্প | ১৫.০০ |
| ৫ | চা বাগান | ১২.৮০ |
| ৬ | বাণিজ্যিক | ২০.০০ |
| ৭ | সিএনজি | ৪০.০০ |
| ৮ | গৃহস্থালীঃ | |
| | ক) মিটারভিত্তিক | ১৩.৬৫ |
| | খ) এক বার্নার (প্রতিমাসে নির্দিষ্ট) | ১০০০ |
| | গ) দুই বার্নার (প্রতিমাসে নির্দিষ্ট) | ১২০০ |

২। গ্যাস সরবরাহের বিদ্যমান অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে।

কমিশনের আদেশ ক্রমে
( )
সচিব
ফোন ঃ ৯১৪০১২৫

মোঃ আক্তারুল হোসেন তালুকদার
উপ-মহাব্যবস্থাপক (হিসাব) চঃ দাঃ
সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড
২১৮, এম. এ বারী সড়ক
সোনাডাঙ্গা, খুলনা।